গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৪ (মাদ্রাসা)
www.moedu.gov.bd

নং শিম/শাঃ১৪/বিবিধ-৮/২০০৫/২৩৮ তারিখঃ ১৭ পৌষ ১৪২১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেশের সরকারি ও বে-সরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসা সমূহের ২০১৫ সালের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জী অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ মাউশি অধিদপ্তরের স্মারক নং- ওএম ৭৯৯বিঃ/২০০৪/৮১৫৪-বিশেষ, তারিখঃ ০৭/১২/২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী ও বেসরকারী (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলীম, ফাজিল ও কামিল) মাদ্রাসা সমূহের ২০১৫ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জী সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছেঃ

ক্রমিক	পর্বের নাম	তারিখ ও দিন	তারিখ বঙ্গাব্দ	দিন সংখ্যা
১.	* পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:)	০৪ জানুয়ারি, রবিবার	২১ পৌষ, ১৪২১	০১ দিন
২.	* ফাতেহা-ই-ইয়াজ দাহম	০১ ফেব্রুয়ারি, রবিবার	১৯ মাঘ, ১৪২১	০১ দিন
৩.	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২১ ফেব্রুয়ারি, শনিবার	০৯ ফাল্গুন, ১৪২১	০১ দিন
৪.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস	১৭ মার্চ, মঙ্গলবার	০৩ চৈত্র, ১৪২১	০১ দিন
৫.	স্বাধীনতা ও জাতীয় দিবস	২৬ মার্চ, বৃহস্পতিবার	১২ চৈত্র, ১৪২১	০১ দিন
৬.	বাংলা নববর্ষ	১৪ এপ্রিল, মঙ্গলবার	০১ বৈশাখ, ১৪২২	০১ দিন
৭.	মে দিবস	০১ মে, শুক্রবার	১৮ বৈশাখ, ১৪২২	০০ দিন
৮.	* বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা)	০৩ মে, রবিবার	২০ বৈশাখ, ১৪২২	০১ দিন
৯.	গ্রীষ্মকালীন অবকাশ, *শব-ই-মি'রাজ (১৭ মে)	১৪ মে বৃহস্পতিবার থেকে ২৮ মে বৃহস্পতিবার পর্যন্ত	৩১ বৈশাখ, ১৪২২ থেকে ১৪, জ্যৈষ্ঠ ১৪২২	১৩ দিন
১০.	* শব-ই-বরাত	০৩ জুন, বুধবার	২০ জ্যৈষ্ঠ, ১৪২২	০১ দিন
১১.	* পবিত্র রমাযান, * শব-ই-ক্বদর (১৫ জুলাই), * পবিত্র জুমাতুল-বিদা (১৭ জুলাই), * পবিত্র ঈদ-উল-ফিতর (১৮ জুলাই)	১৭ জুন, বুধবার থেকে ২৩ জুলাই, বৃহস্পতিবার পর্যন্ত	০৩ আষাঢ় থেকে ০৮ শ্রাবণ, ১৪২২	৩১ দিন
১২.	জাতীয় শোক দিবস	১৫ আগস্ট, শনিবার	৩১ শ্রাবণ, ১৪২২	০১ দিন
১৩.	* শুভ জন্মাষ্টমী	০৫ সেপ্টেম্বর, শনিবার	২১ ভাদ্র, ১৪২২	০১ দিন
১৪.	* পবিত্র ঈদ-উল-আযহা (২৪, ২৫ ও ২৬ সেপ্টেম্বর)	২২ সেপ্টেম্বর, মঙ্গলবার থেকে ২৯ সেপ্টেম্বর, মঙ্গলবার	০৭ আশ্বিন থেকে ১৪ আশ্বিন, ১৪২২	০৭ দিন
১৫.	* হিজরী নববর্ষ	১৫ অক্টোবর, বৃহস্পতিবার	৩০ আশ্বিন, ১৪২২	০১ দিন
১৬.	দুর্গাপূজা (বিজয়া দশমী, ২৩ অক্টোবর) * আশুরা (২৪ অক্টোবর)	২৩ অক্টোবর শুক্রবার থেকে ২৪ অক্টোবর, শনিবার পর্যন্ত	০৮ কার্তিক থেকে ০৯ কার্তিক, ১৪২২	০১ দিন
১৭.	* আখেরি চাহার সোম্বা	০৯ ডিসেম্বর, বুধবার	২৫ অগ্রহায়ন, ১৪২২	০১ দিন
১৮.	বিজয় দিবস	১৬ ডিসেম্বর, বুধবার	০২ পৌষ, ১৪২২	০১ দিন
১৯.	শীতকালীন অবকাশ, *ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) (২৪ ডিসেম্বর) ও যিশুখ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর)	১৯ ডিসেম্বর শনিবার থেকে ২৬ ডিসেম্বর, শনিবার পর্যন্ত	০৫ পৌষ থেকে ১২ পৌষ ১৪২২	০৭ দিন
২০.	প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি			০৩ দিন
			মোট-	৭৫ দিন

* চাঁদ দেখার উপর নির্ভরশীল

পরীক্ষার সময়সূচি-২০১৫:

পরীক্ষার নাম	তারিখ	দিন সংখ্যা	ফলাফল প্রকাশ
অর্ধ-বার্ষিক পরীক্ষা	৩১ মে, রবিবার থেকে ১৬ জুন, মঙ্গলবার, পর্যন্ত	১৪ দিন	২৮ জুলাই, মঙ্গলবার
দাখিল নির্বাচনী পরীক্ষা	০১ অক্টোবর, বৃহস্পতিবার থেকে ১৮ অক্টোবর রবিবার পর্যন্ত	১৪ দিন	০৫ নভেম্বর, বৃহস্পতিবার
বার্ষিক পরীক্ষা	২৯ নভেম্বর, রবিবার থেকে ১৫ ডিসেম্বর, মঙ্গলবার পর্যন্ত	১৪ দিন	৩০ ডিসেম্বর, বুধবার

চলামান পাতা

E:\E drive\legel letter_2009.doc

ক. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ পর্যন্ত। ১ম কর্মদিবস তথা ১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবস উদযাপন করা হবে।

খ. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগতমান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবেন এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ০১ (এক) বছর সংরক্ষণ করবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৪ দিনের বেশি হবে না।

গ. মাদ্রাসা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

ঘ. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

ঙ. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতিত বছরের মোট ছুটি ৭৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

চ. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবে না, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা কযাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

ছ. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

জ. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, এবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

ঝ. পরীক্ষার সময় পরীক্ষার কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।

ঞ. প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরি নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভূক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে।

ট. পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানের ক্লাসসমূহ বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

ঠ. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষন কর্মসূচি পালন করতে হবে।

৩১/১২/১৪

(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারী সচিব (মাদ্রাসা)
ফোন: ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপিঃ
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(তাঁকে ছুটির তালিকা ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)

E:\E drive\legel letter_2009.doc